**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

**এস আর ও নং- ১৪৯-আইন/২০০৯/২২৫২/কাস**।- Customs Act 1969, (Act IV of 1969) এর section 219(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, section 217A এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- (১) এই বিধিমালা শুল্ক (পুরস্কার মঞ্জুরী) বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) "আইন" অর্থ Customs Act, 1969 (Act IV of 1969);

(২) "কমিটি" অর্থ বিধি ৮ এর অধীন গঠিত কমিটি;

(৩) "পুরস্কার" অর্থ শুল্ক-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা প্রতিরোধ অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্‌ঘাটনের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণকারী ব্যক্তি অথবা উক্তরূপ কর্মকান্ডের তথ্য সরবরাহকারী ব্যক্তির কাজের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত অর্থ;

(৪) "পুরস্কার মঞ্জুরী কর্তৃপক্ষ" অর্থ বিধি ১০ এ উলি-খিত কর্তৃপক্ষ।

(৫) "বোর্ড" অর্থ আইনের section 2(e) তে সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(৬) "মামলা" অর্থ শুল্ক-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্‌ঘাটন পরবর্তী দায়ের করা মামলা;

৩। **পুরস্কার প্রাপ্তির যোগ্য ব্যক্তি**।- নিম্নবর্ণিত ব্যক্তি বা কর্মকর্তা বা কর্মচারীগণ পুরস্কার প্রাপ্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা ঃ-

(ক) চোরাচালান প্রতিরোধ অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনার উদঘাটনের ক্ষেত্রে তথ্য সরবরাহকারী; এবং

(খ) আইনের section 3 এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা, section 6 এর অধীন চোরাচালান নিরোধকল্পে বোর্ড কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, section 7 এর বিধান অনুযায়ী শুল্ক কর্মকর্তার কাজে সহায়তাকারী কর্মকর্তা এবং সংশি-ষ্ট কাজের সহিত সম্•ৃক্ত কর্মচারী।

৪। **পুরস্কার যোগ্য মামলার ক্যাটাগরী ঃ** পুরস্কার যোগ্য মামলার ক্যাটাগরী হইবে নিম্নরূপ, যথা ঃ-

(ক) ক্যাটাগরী-১ ঃ স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকার এবং দেশী ও বিদেশী মুদ্রা আটক সংক্রান্ত মামলা;

(খ) ক্যাটাগরী-২ ঃ কোন কর্মকর্তা কর্তৃক তার কর্মকালীন সময়ের পূর্ববর্তী সময়ে যে কোনভাবে সংঘটিত কোন শুল্ক-কর ফাঁকির ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্ত মামলা;

(গ) ক্যাটাগরী-৩ ঃ কোন কর্মকর্তা কর্তৃক তার কর্মকালীন সময়ে কোন পণ্য চালানে পণ্যের পরিমাণ, পণ্যের এইচ,এস, কোড এ মিথ্যা ঘোষণা বা অন্যবিধ উপায়ে সংঘটিত কোন শুল্ক-কর ফাঁকির ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্ত মামলা; এবং

(ঘ) ক্যাটাগরী-৪ ঃ আমদানি-রপ্তানি এবং স্থানীয়ভাবে বিক্রয় বা বিলি-বন্দেজ নিষিদ্ধ, এবং ক্ষেত্র বিশেষে ধ্বংসযোগ্য পণ্য (যেমন-মাদকদ্রব্য, মূল্যবান ধাতব পদার্থ) সংক্রান্ত মামলা।

৫। **পুরস্কারের জন্য আবেদন**।- বিধি ৪ এর অধীন পুরস্কারযোগ্য মামলার চূড়ান্ত নিষ্পত্তির পর বোর্ডের কোন কর্মকর্তা বা কর্মচারী পুরস্কার প্রাপ্তির যোগ্য হইলে উক্ত কর্মকর্তা ও কর্মচারীর স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কার্যালয় বোর্ডের নিকট এবং অন্যান্য সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উক্ত সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত তথ্যসহকারে আবেদন দাখিল করিবেন, যথা ঃ-

(১) পুরস্কার প্রাপ্তির জন্য যোগ্য কর্মকর্তা ও কর্মচারীর নাম;

(২) অনিয়ম বা শুল্ক-কর ফাঁকি সংক্রান্ত মামলার বিবরণী (আটক প্রতিবেদন অথবা ক্ষেত্রমত অন্যবিধ দলিলাদি);

(৩) আদায়কৃত শুল্ক-কর কিংবা ক্ষেত্রমত, অতিরিক্ত শুল্ক-কর ও জরিমানা সরকারী কোষাগারে জমা হইবার প্রমাণপত্র;

(৪) শুল্ক-কর ফাঁকি সংশ্লিষ্ট মামলার 'ন্যায় নির্ণয়ন আদেশ' এর কপি এবং ক্ষেত্রমত, আপীল নিষ্পত্তির প্রমাণপত্র;

(৫) পুরস্কার প্রাপ্তির আবেদনের বিষয়টি আদালতে বিচারাধীন নয় মর্মে সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র;

(৬) পরিশিষ্ট-ক অনুযায়ী পুরস্কার মঞ্জুরীর জন্য তথ্য; এবং

(৭) পুরস্কার প্রাপ্তির আবেদনের বিষয়ে ইতঃপূর্বে পুরস্কার দাবী বা পুরস্কার গ্রহণ করা হয়নি মর্মে অফিস প্রধানের প্রত্যয়নপত্র।

৬। **পুরস্কারের ভিত্তি মূল্য**।- **(১)** পুরস্কারের ভিত্তিমূল্য হইবে নিম্নরূপ, যথা ঃ-

(ক) স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকারের ক্ষেত্রে আটকের সময় উহার বাজার মূল্যের সমপরিমাণ অর্থ;

(খ) দেশী বা বৈদেশিক মুদ্রা আটকের ক্ষেত্রে আটককৃত সমুদয় অর্থ;

(গ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চালানে পণ্যের পরিমাণ ও এইচ,এস কোড-এর ক্ষেত্রে ঘোষণার কারণে উক্ত চালানে ঘোষণা বহির্ভূত অতিরিক্ত আদায়কৃত শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি;

(ঘ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চালান মিথ্যা ঘোষণার কারণে অথবা চোরাচালানের কারণে আটককৃত পণ্য নিলামে বিক্রয়লব্ধ অর্থ হইতে আইনের section 201(2)(c) অনুযায়ী প্রাপ্ত অর্থ এবং আদায়কৃত অর্থদণ্ডের সমষ্টি;

(ঙ) বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্যের অবৈধ অপসারণ বা স্থানীয় বাজারে বিক্রয়ের ঘটনায় আদায়কৃত সমুদয় শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি; এবং

(চ) আমদানি এবং রপ্তানি নিষিদ্ধ পণ্য, যাহা শুল্ক-কর আদায় কিংবা বিক্রয়ের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য নয়, যেমন- মাদকদ্রব্য, মূল্যবান ধাতব পদার্থ ইত্যাদি এইরূপ ক্ষেত্রে পুরস্কার মঞ্জুরী কমিটি কর্তৃক নিরূপিত মূল্য।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন পুরস্কারের ভিত্তিম—ল্য তিন লক্ষ টাকা বা তাহার কম হইলে পুরস্কারের আবেদন বিবেচনার যোগ্য হইবে না।

৭। **পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ**।- নিম্নের ছকের কলাম (২) এ উলি-খিত পুরস্কারের ক্যাটাগরী এর বিপরীতে কলাম (৩) এ উলি-খিত হারে নির্ধারিত হইবে, যথাঃ-

QK

| ক্রমিক নং | ক্যাটাগরী | পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ক্যাটাগরী-১ | পুরস্কারের ভিত্তি ম—ল্যের ১০% |
| 2 | ক্যাটাগরী-২ | পুরস্কারের ভিত্তি ম—ল্যের ৮% |
| 3 | ক্যাটাগরী-৩ | পুরস্কারের ভিত্তি ম—ল্যের ৬% |
| 4 | ক্যাটাগরী-৪ | আটক পণ্য ম—ল্যের ৫%, তবে শর্ত থাকে যে, তিন লক্ষ টাকা অথবা এই দুইয়ের মধ্যে যাহা কম সেই পরিমাণ অর্থের অধিক হইবে না। |

৮। **পুরস্কার মঞ্জুরী কমিটি গঠন ও এর কার্যাবলী**।- **(১)** নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পুরস্কার মঞ্জুরী কমিটি গঠিত হইবে, যথা ঃ-

(ক) শুল্ক অনুবিভাগের ক্ষেত্রে-

(১) সদস্য (শুল্ক বাস্@বায়ন/শুল্ক ও ভ্যাট প্রশাসন) সভাপতি
(২) সদস্য (শুল্ক ও ম—সক নীতি) সদস্য
(৩) সদস্য (বোর্ড প্রশাসন) সদস্য
(৪) প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন) সদস্য
(৫) প্রথম সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) সদস্য
(৬) দ্বিতীয় সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) সদস্য-সচিব

(খ) চোরাচালান নিরোধকল্পে আইনের section 6 এর অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উক্ত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ন্¿ণকারী কর্তৃপক্ষ কেন্দ্রীয়ভাবে অন্যুন ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি পুরস্কার মঞ্জুরী কমিটি গঠন করিবেন।

(২) পুরস্কার মঞ্জুরী কমিটি এক পঞ্জিকা বছরে অন—্যন তিনটি সভার আয়োজন করিবে; এবং

(৩) পুরস্কার মঞ্জুরী কমিটি পুরস্কারের মামলা যাচাই বাছাইপ—র্বক পুরস্কারের জন্য সুপারিশ করিবে।

৯। **পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষ**।- বিধি ৮(৩) এর অধীন পুরস্কার মঞ্জুরী কমিটির সুপারিশের ভিত্তিতে বোর্ডের ক্ষেত্রে বোর্ডের চেয়ারম্যান এবং অন্যান্য সংস্থার ক্ষেত্রে উক্ত সংস্থার প্রধান পুরস্কার মঞ্জুর করিবেন।

১০। **পুরস্কারের অর্থ বিতরণ**।- (১) যে ক্ষেত্রে কোন তথ্য সরবরাহকারীর তথ্যের ভিত্তিতে চোরাচালান বা শুল্ক-কর ফাঁকির ঘটনা উদ্‌ঘাটিত হয়, সেক্ষেত্রে-

(ক) তথ্য সরবরাহকারী মঞ্জুরীকৃত অর্থের ৩০% পাইবেন;
(খ) শুল্ক-কর ফাঁকি ও চোরাচালানের ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্‌ে মামলার সহিত সংশি-ষ্ট কর্মকর্তা ও কর্মচারী মঞ্জুরীকৃত অর্থের ৫০% পাইবেন;
(গ) সংশি-ষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১৭% জমা হইবে; এবং
(ঘ) বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা হইবে।

(২) তথ্য সরবরাহকারী না থাকিলে সংশি-ষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ মঞ্জুরীকৃত অর্থের ৮০% পাইবেন, সংশি-ষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১৭% এবং বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা করিতে হইবে।

১১। **অগ্রিম পুরস্কার প্রদান**।- প্রশংসনীয় কাজের তাৎক্ষণিক স্বীকৃতি প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এবং, নিম্নের ছকের কলাম (২) এ বর্ণিত কর্তৃপক্ষ, কলাম (৩) এ নির্ধারিত আর্থিক সীমার মধ্যে পুরস্কারের আবেদনকারীকে অগ্রিম পুরস্কার মঞ্জুরী প্রদান করিতে পারিবেন ঃ

শর্তসম—হ ঃ-

(ক) আটককৃত পণ্যের 'ন্যায় নির্ণয়ন আদেশ' জারীর অব্যবহিত পর গোপন সংবাদ দাতাকে তাহার অনুকূলে প্রাপ্য পুরস্কারের অর্থের অনধিক ২০% এবং পণ্য আটককারী কর্মকর্তা ও কর্মচারীদের তাহাদের অনুকূলে প্রাপ্য পুরস্কারের অর্থের অনধিক ৩০% অর্থ প্রদান করিতে পারিবেন এবং এইরূপ অগ্রিম মঞ্জুরীকৃত পুরস্কারের অর্থ চূড়ান্‌ে পুরস্কার মঞ্জুরী অর্থের সহিত সমন্বয় করিতে হইবে;

(খ) মামলার চূড়ান্‌ে সিদ্ধান্‌েের ভিত্তিতে শুল্ক-কর ও জরিমানা আদায় না হইলে অগ্রিম মঞ্জুরীর অর্থ ফেরতযোগ্য হইবে;

(গ) আইনের section 6 এর অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে তাহাদের নিয়ন্¿ণকারী কর্তৃপক্ষের অনুকূলে প্রদত্ত ব্যয় বরাদ্দ হইতে পুরস্কার প্রদান করিতে হইবে;

**ছক**

| ক্রমিক নং | অগ্রিম পুরস্কার মঞ্জুরী প্রদানকারী কর্তৃপক্ষ | প্রতি ক্ষেত্রে সর্বো” চ অগ্রিম পুরস্কার মঞ্জুরীর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | (ক) কমিশনার অব কাস্টমস (কাস্টম হাউস/শুল্ক ম—ল্যায়ন ও অভ্যন্@রীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টম বন্ড কমিশনারেট)<br>(খ) মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্@ অধিদপ্তর<br>(M) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ/ডিরেক্টর জেনারেল অব বাংলাদেশ রাইফেলস/ডিরেক্টর জেনারেল অব বাংলাদেশ কোস্ট গার্ড | ৫০,০০০/- টাকা |
| ২ | (ক) সদর দপ্তরের বাহিরে পদস্থ অতিরিক্ত কমিশনার (কাস্টম হাউস/শুল্ক ম—ল্যায়ন ও অভ্যন্@রীণ নিরীক্ষা কমিশনারেট/কাস্টম বন্ড কমিশনারেট)<br>(খ) সদর দপ্তরের বাহিরে পদস্থ অতিরিক্ত মহা-পরিচালক (শুল্ক গোয়েন্দা ও তদন্@ অধিদপ্তর)<br>(M) সদর দপ্তরের বাহিরে পদস্থ ডিআইজি অব পুলিশ/সেক্টর কমান্ডার, বাংলাদেশ রাইফেলস/ ইনচার্জ, বাংলাদেশ কোস্ট গার্ড | ৩০,০০০/- টাকা |
| ৩ | (ক) সদর দপ্তরের বাহিরে পদস্থ যুগ্ম কমিশনার (কাস্টম হাউস/শুল্ক ম—ল্যায়ন ও অভ্যন্@রীণ নিরীক্ষা কমিশনারেট/কাস্টম বন্ড কমিশনারেট)<br>(খ) সদর দপ্তরের বাহিরে পদস্থ যুগ্ম মহাপরিচালক (শুল্ক গোয়েন্দা ও তদন্@ অধিদপ্তর)<br>(M) সদর দপ্তরের বাহিরে পদস্থ সুপারিনটেনডেন্ট অব পুলিশ/ব্যাটালিয়ন কমান্ডার, বাংলাদেশ রাইফেলস | ১৫,০০০/- টাকা |

১২। রহিতকরণ।- এতদ্বারা The Customs (Grant of Rewards) Order, 1986 রহিত করা হইল।

পরিশিষ্ট-ক

## "পুরস্কার মঞ্জুরীর জন্য তথ্য সম্বলিত ছক"

| আটক/অনিয়ম প্রতিবেদন নম্বর ও তারিখ (সত্যায়িত কপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | আটকের কারণ/ অনিয়মের সংক্ষিপ্ত বিবরণ | ন্যায় নির্ণয়ন/আপীল/ রিভিশন আদেশ নং ও তারিখ (সত্যায়িত কপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | আমদানিকারক/রপ্তানিকারকের ঘোষণা মোতাবেক প্রদেয় শুল্ক-করের পরিমাণ | অনিয়ম/মিথ্যা ঘোষণা উদ্‌ঘাটিত হওয়ায় আদায়কৃত শুল্ক-কর ও জরিমানার পরিমাণ | বিধি ৬ মোতাবেক জরিমানাসহ আদায়কৃত অতিরিক্ত শুল্ককরাদি (কলাম ৫ ও ৪ এর পার্থক্য) (ট্রেজারী চালান/পে-অর্ডার এর ফটোকপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | পুরস্কারের ক্যাটাগরী (বিধি ৪) | পুরস্কারযোগ্য অর্থের পরিমান (বিধি ৭) | বিভিন্ন খাতে বন্টনযোগ্য পুরস্কারের পরিমাণ (খাতওয়ারী অংশ প্রদর্শন) (বিধি ১০) | আটককারী কর্মকর্তা/ কর্মচারী গণের নাম ও পদবী | আটককারী কর্মকর্তা/ কর্মচারী/ সংবাদদাতাকে অগ্রীম প্রদত্ত অর্থের পরিমাণ (বিধি ১২) | চ—ড়ান্ত মঞ্জুরীর জন্য সুপারিশকৃত অর্থের পরিমাণ (কলাম ৮ ও ১১ এর পার্থক্য) | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) | (০৭) | (০৮) | (০৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| | | | | | | | | | | | | |

অনিয়ম উদ্‌ঘাটনকারী
প্রধান কর্মকর্তা

সংশি-ষ্ট দপ্তর প্রধানের
নামীয় সীল ও স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হুসেইন আহমেদ)
সদস্য (শুল্ক)